

**ঢাকা ডেন্টাল কলেজের
ভর্তি পরীক্ষা**

বাংলাদেশের চিকিৎসা বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্য অধিদপ্তর হতে দুটি সমমানের ভিত্তি দেয়া হয়। তা হলো এম, বি, বি, এস ও বি, ডি, এস। এ দুটি কোর্সের ভর্তি পরীক্ষা আলাদা হয় বটে, তবে ভর্তির নিয়মকানুন, দরখাস্ত করার যোগ্যতা, পাস করার পর চাকরিতে নিয়োগ ইত্যাদি সব কিছুই একই নির্দেশাবলী ও আইনের আওতায় হয়ে থাকে। কিন্তু বহুদিন পূর্ব থেকে লক্ষ্য করা যাচ্ছে যে, মেডিক্যাল কলেজ সমূহে এম, বি, বি, এস কোর্সে ভর্তি পরীক্ষার সাথে ডেন্টাল কলেজে বি, ডি, এস কোর্সে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ধারা সম্পূর্ণ আলাদা। বাংলাদেশের শিক্ষা পাঠ্যক্রমে যেখানে রচনামূলক প্রশ্ন বাদ দিয়ে বহু নির্বাচনী (M.C.Q.) প্রশ্নের নির্দেশ দেয়া হচ্ছে সেখানে ঢাকা ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষার প্রশ্ন-

পত্র হচ্ছে সম্পূর্ণ রচনামূলক, যা প্রকৃত মেধা নির্ণয়ের জন্যে একটি বিশেষ অন্তরায়। উল্লেখ্য, ১৯৮৮-৮৯ শিক্ষা বর্ষের এম, বি, বি, এস কোর্সের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র (M.C.Q.) এবং নির্দেশাবলী (যা স্বাস্থ্য অধিদপ্তর থেকে দেয়া) প্রশংসার দাবীদার এবং মেধা যাচাইয়ের একটি অন্যতম উপায় তাতে কারো সন্দেহ নেই। অতএব, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতি বিশেষ অনুরোধ যে, এম, বি, বি, এস কোর্সের

ভিত্তি

ধারা অনুযায়ী ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র তৈরী করার জন্যে ঢাকা ডেন্টাল কলেজ কর্তৃপক্ষকে নির্দেশ দিয়ে বাংলাদেশের একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান এবং হাসপাতালের ভাবমূর্তি বজায় রাখার চেষ্টা করুন।

সো: আমজাদ হোসেন,
৩য় বর্ষ-বি, ডি, এস
ঢাকা ডেন্টাল কলেজ,
ঢাকা।

**ভালেপুর স্কুলটি মেরামত
করা হোক**

ঢাকা জেলার অন্তর্গত কেরানীগঞ্জ উপজেলার ভালেপুর একটি বৃহৎ গ্রাম। অনুরূপ এই গ্রামটিতে একটি স্কুল রয়েছে। পূর্বে স্কুলঘর নামে একটা কিছু ছিল, প্রলয়ঙ্করী ঝড়ে তা ভেঙ্গে গেছে। প্রধান শিক্ষককে এ ব্যাপারে প্রশ্ন করলে তিনি বললেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সাহায্যের জন্য আবেদন করেছেন, জীর্ন স্কুলের ছবি পাঠিয়েছেন। কিন্তু এখন পর্যন্ত কোন কাজ হয়নি।

অতএব, যাতে স্কুল ঘরটি মেরামত করে লেখাপড়ার সুযোগ করে দেয়া হয় সেজন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

সো: মনির হোসেন,
ভালেপুর, কেরানীগঞ্জ, ঢাকা।